

## পাঁচ তারকা হোটেলের রূপ পাচ্ছে লন্ডনের বিটি টাওয়ার

- A Monitor Desk Report

Date: 23 February, 2024



**লন্ডন:** লন্ডনের বিখ্যাত বিটি টাওয়ার পরিণত হচ্ছে পাঁচ তারকা হোটেল। সম্প্রতি ২৭ কোটি ৫০ লাখ পাউন্ডে বিক্রির পর টাওয়ারটিকে হোটেল পরিণত করতে যাচ্ছে লন্ডনের বিখ্যাত এমসিআর হোটেল।

১৯৬৫ সালে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হ্যারল্ড উইলসন এ টাওয়ারের উদ্বোধন করেন। ১৭৭ মিটার লম্বা টাওয়ারটি আগে টেলিভিশনে সরাসরি সম্প্রচারকালীন সংকেত পাঠানোর কাজে ব্যবহৃত হতো। সম্প্রতি এ টাওয়ারকে বিলাসবহুল পাঁচ তারকা হোটেল রূপান্তর করার ঘোষণা দিয়েছে কর্তৃপক্ষ।

মালিকানা সূত্র জানিয়েছে, টাওয়ারটির ৩৪তম তলায় একটি রেস্টোরাঁ রয়েছে। ষাটের দশকে লন্ডনে যুদ্ধ-পরবর্তী সময়ে তৈরি এ টাওয়ার প্রায় ১৬ বছর পর্যন্ত লন্ডনের সুউচ্চ ভবনগুলোর শীর্ষে অবস্থান করেছে। সম্প্রতি বিখ্যাত এ টাওয়ারের মালিকানা পরিবর্তন হয়েছে। সুউচ্চ টাওয়ারটির নতুন স্বত্ব এখন এমসিআর হোটেলের স্বত্বাধিকারীদের হাতে।

টাওয়ারটি বেশ কয়েক দশক ধরে যুক্তরাজ্যের ফোন কল, বার্তা ও টিভি সংকেত বহনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলে জানিয়েছেন বিটি গ্রুপের পরিচালক ব্রেন্ট ম্যাথুস। তিনি জানিয়েছেন, সম্প্রতি এমসিআরের সঙ্গে এ চুক্তি বিটি টাওয়ারে নতুন মাত্রা যুক্ত করবে। আগামী কয়েক দশকে ভবনটি নতুনভাবে সংরক্ষিত হবে বলে মন্তব্য করেন ব্রেন্ট ম্যাথুস।

এমসিআর হোটেলের ব্যবস্থাপনা পরিচালক টাইলার মোর্স বলেছেন, ‘টাওয়ারটিকে হোটেল রূপান্তর করা হলে তা ভবিষ্যৎ প্রজন্মের জন্য উপভোগ্য হবে।’

টাওয়ারটি ১৯৮৪ সাল পর্যন্ত পোস্ট অফিস টাওয়ার নামে পরিচালিত ছিল। এরপর ব্রিটিশ টেলিকম বেসরকারিকরণ করা হলে এর নাম পরিবর্তন করা হয়। ১৯৭১ সালে টাওয়ারটির পাশে বোমা বিস্ফোরণের ফলে জনসাধারণের প্রবেশে নিষেধাজ্ঞা দেয় দেশটির সরকার। সাম্প্রতিক বছরগুলোয় এটি তার ৩৬০ ডিগ্রি এলইডি ডিসপ্লেজের জন্য আরো বেশি পরিচিতি লাভ করেছে। বর্তমানে এটি দেশটির রাজকীয়

শিশুদের জন্ম ও ক্রীড়া বিজয়ের মতো বড় ঘটনাগুলো সম্পর্কে বার্তা সম্প্রচার করছে।

এমসিআর মার্কিন মালিকানাধীন বৃহৎ হোটেল অপারেটর প্রতিষ্ঠান। এটি বিভিন্ন স্থাপনাকে হোটেলে রূপান্তর করার জন্য বিখ্যাত। এর আগে নিউইয়র্কে জেএফকে বিমানবন্দর নির্মাণে এ প্রতিষ্ঠান কাজ করেছিল। প্রতিষ্ঠানটি জানায়, বিটি টাওয়ার লন্ডনভিত্তিক হিদারউইক স্টুডিওর সঙ্গে অংশীদার হবে। গত কয়েক বছরে লন্ডনে পাঁচ তারকা হোটেলের আধিক্য দেখা যাচ্ছে। গত বছরই পেনিনসুলা লন্ডনের উদ্বোধন হয়।

-B